

উত্তর-পূর্ব ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক
The Largest Circulated Bengali Daily in North-East India

দৈনিক সংবাদ

আগরতলা • সোমবার • ১৮ চৈত্র • ১৪১৯ বাংলা • ১ এপ্রিল • ২০১৩ • মূল্য : তিন টাকা

ডঃ অরিজিৎ দাসকে ধন্যবাদ

ধর্মনিগর ডিগ্রি কলেজের রসায়ন বিভাগের কৃতী অধ্যাপক ডঃ অরিজিৎ দাসকে প্রথমেই জানাই আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ। 'কেমিস্ট্রি টুডে' নামক ম্যাগাজিনে প্রকাশিত, মলিকিউল, আয়ন এবং র্যাডিকেলের বন্ধনক্রম নির্ণয়ের অভিনব পদ্ধতিটি দেখলাম। আমি সত্যিই অভিভূত। এই পদ্ধতির সাহায্যে 'মলিকিউলার অরবিট্যাল থিয়োরি'-র ফর্মুলা ছাড়াই বণ্ড অর্ডার (বন্ধনক্রম) নির্ণয় করা যায়। মেডিক্যাল এবং ইঞ্জিনিয়ারিং জয়েন্ট এন্ট্রাল পরীক্ষাগুলোতে 'কেমিক্যাল বণ্ডিং অ্যান্ড মলিকিউলার স্ট্রাকচার' খুব গুরুত্বপূর্ণ একটি অধ্যায়। এই অধ্যায়ের 'মলিকিউলার অরবিট্যাল থিয়োরি' থেকেই প্রধানতঃ জয়েন্টের প্রশ্নগুলো আসে। ব্যক্তিগতভাবে আমার কাছে তো বটেই! অন্যান্য বহু ছাত্রছাত্রীরাই এম ও টি পদ্ধতিতে এই অধ্যায়ের প্রশ্নগুলোর উত্তর করতে খুব বেশী একটা স্বাচ্ছন্দ্যবোধ করে না। এই জায়গায় দাঁড়িয়ে আপনার এই অভিনব পদ্ধতির আবিষ্কার আমাদের সবাইকে উপকৃত করলো। ভবিষ্যতে আমি আপনার আরো সাফল্য কামনা করি।

অনুরাজ চক্রবর্তী, আগরতলা।